

Times Today BD

তাহমিদ হাসান রাব্বি | ক্যাম্পাস | 03 May, 2025

মিরপুরের স্কাই মুন লাউঞ্জ এন্ড রুফটপ রেস্টুরেন্টে অনুষ্ঠিত হলো জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের প্রাক্তন শিক্ষার্থীদের মিলনমেলা।

শুক্রবার (২ মে) সন্ধ্যায় আয়োজিত এই মিট আপে ঢাকায় বিভিন্ন পেশায় কর্মরত ৩৮ জন প্রাক্তন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। দীর্ঘদিন পর একত্রিত হয়ে তারা একে অপরের সঙ্গে স্মৃতিচারণা করেন এবং বর্তমান জীবনের নানা অভিজ্ঞতা শেয়ার করেন।

আনুষ্ঠানিকতা ছাড়াও এই আয়োজনকে প্রাণবন্ত করে তোলে খাওয়া-দাওয়া, আড্ডা এবং নেটওয়ার্কিংয়ের সুযোগ।

অনুষ্ঠানের অন্যতম আয়োজক ফ্রিল্যান্সিং ব্যাংকিং বিভাগের শিক্ষার্থী মিনহাজ উদ্দিন বলেন, এমন আয়োজন নিয়মিত হলে প্রাক্তনদের মধ্যে বন্ধন আরও দৃঢ় হবে এবং পেশাগত জীবনেও একে অপরকে সহযোগিতা করা সহজ হবে।

অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারীরা ভবিষ্যতে বৃহত্তর পরিসরে এমন আয়োজন করার প্রত্যয় ব্যক্ত করেন।

কাজী নজরুল ইসলাম শিক্ষার্থী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 14:48

URL: <https://www.timestodaybd.com/campus/180514919>